# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয় গায়রুল্লাহ এর জন্য মানত করার হুকুম কী?

উত্তর: বল, আল্লাহ ছাড়া অন্যের জন্য মানত করা বড় শির্ক। কারণ, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে আল্লাহর আনুগত্য করার মানত করেছে সে তার আনুগত্য করুক। আর যে আল্লাহর নাফরমানি করার মান্নত করেছে সে তাঁর নাফরমানি না করুক”। (সহীহ বুখারী) সুতরাং মান্নত-কারীর অবস্থা অনুযায়ী মানত মৌখিক, আর্থিক অথবা শারীরিক ইবাদত। প্রিয় বস্তু হাসিল করা অথবা অনিষ্ট দূর করার আশায় অথবা প্রাপ্ত নিআমতের শোকর অথবা মুসিবত দূর হওয়ার কৃতজ্ঞতা স্বরূপ শরীয়তের দৃষ্টিতে যা ওয়াজিব নয় তা নিজের ওপর ওয়াজিব করে নেয়াকে মানত বলা হয়। এগুলো ইবাদতের মধ্যে গণ্য, যা গায়রুল্লাহর জন্য সম্পন্ন করা বৈধ নয়। কারণ, আল্লাহ তা‘আলা মান্নত পূরণকারীদের প্রশংসা করেছেন। আল্লাহ তা‘আলা বলেন,

يُوفُونَ بِٱلنَّذۡرِ وَيَخَافُونَ يَوۡمٗا كَانَ شَرُّهُۥ مُسۡتَطِيرٗا [الانسان: ٧]

“তারা মানত পূর্ণ করে এবং সে দিনকে ভয় করে যার অকল্যাণ হবে সুবিস্তৃত”। [সূরা আল-ইনসান, আয়াত: ৭]

মূলনীতি হলো, আল্লাহ তা‘আলা যে কাজের কর্তার প্রশংসা করেছেন সে কাজটি ইবাদতের অন্তর্ভুক্ত। আর যা ইবাদত তা আল্লাহ ছাড়া অন্যের জন্য করা শির্ক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন